

**Class II**  
**2<sup>nd</sup> Language (Bengali)**  
**Worksheet**

এই রচনাটি তোমাদের বাংলা খাতায় লেখো।

**Topic – আমার প্রিয় বন্ধু**

আমার অনেক বন্ধু আছে কিন্তু অভয় আমার প্রিয় বন্ধু। আমরা দুজনে একই স্কুলে ও একই ক্লাসে পড়ি। আমরা একসঙ্গে স্কুলে যাই আর ক্লাসে দুজনে পাশাপাশি বসি। অভয় ও আমি একসঙ্গে টিফিন খাই আর খেলা করি। অভয় ফুটবল ও ব্যাডমিন্টন খেলতে ভালবাসে। ও খুব বাধ্য ছেলে এবং পড়াশোনায় খুব ভাল। আমাকে পড়াশোনায় খুব সাহায্য করে। সব শিক্ষক, শিক্ষিকারা ওকে খুব ভালবাসেন। আমার কোন অসুবিধা হলে অভয় সবসময় আমার পাশে থাকে। ওর বাবা, মা আমাকে খুব স্নেহ করেন। অভয়ের ভাল গুনগুলি আমার খুব ভাল লাগে। আমি চাই আমাদের বন্ধুত্ব চিরকালের জন্য অটুট থাকুক।